

৩৬

বিপ্লব

## ও-এ লেভেলে পরীক্ষা বিষয়ে কেমব্রিজ-স্কলাসটিকা সমঝোতা চুক্তি

আন্তর্জাতিক 'ও' এবং 'এ' লেভেল পরীক্ষার ব্যাপারে সম্প্রতি ইউনিভার্সিটি অফ কেমব্রিজ, ইন্টারন্যাশনাল একজামিনেশন্সের (সিআইই) সঙ্গে সমঝোতা চুক্তি করেছে ঢাকার ইংরেজি মাধ্যমের শীর্ষস্থানীয় স্কুল স্কলাসটিকা।

এ চুক্তি অনুযায়ী ২০০৮ সালের সেপ্টেম্বর থেকে স্কলাসটিকার তিন হাজারেরও বেশি শিক্ষার্থী বিশ্বখ্যাত আন্তর্জাতিক পরীক্ষা বোর্ড ইউনিভার্সিটি অফ কেমব্রিজ ইন্টারন্যাশনাল একজামিনেশন্সের কোর্স অধ্যয়ন, এবং এর ভিত্তিতে পরীক্ষা দেবে। সিআইইর প্রধান নির্বাহী অ্যান পানটিস এবং স্কলাসটিকার চেয়ারপারসন ইয়াসমিন মুর্শেদ চুক্তিতে নিজ নিজ পক্ষে স্বাক্ষর করেন।

চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে অ্যান পানটিস বলেন, স্কলাসটিকা কেমব্রিজকে বেছে নেয়াম আমরা খুশি। সম্মিলিতভাবে কাজ করার মধ্য দিয়ে একটি শক্তিশালী অংশীদারিত্ব গড়ে তোলার ব্যাপারে আমরা আশাবাদী। এ লক্ষ্যে আমরা স্কুলটিকে প্রত্যক্ষ সহযোগিতাসহ অব্যাহত প্রশিক্ষণ এবং সময়ের সর্বশেষ তথ্য ভাণ্ডারের দয়ার খুলে দেবো। চুক্তি স্বাক্ষরের ক্ষণটিকে একটি ঐতিহাসিক মুহূর্ত হিসেবে বর্ণনা করে স্কলাসটিকার চেয়ারপারসন ইয়াসমিন মুর্শেদ বলেন, আমাদের বিশ্বাস কেমব্রিজ ভবিষ্যতের চাহিদা বিবেচনায় রেখেই শিক্ষার্থীদের গড়ে তুলবে। এতে আমাদের শিক্ষার্থীরা ভবিষ্যতের চ্যালেঞ্জ মোকাবেলায় সক্ষম হবে। এছাড়া সিআইইর শিক্ষক প্রশিক্ষণ কর্মসূচি স্কলাসটিকার শিক্ষকদের আরো দক্ষ করে তুলবে বলেও আমরা বিশ্বাস।